46

আজকের কাগজ

তারিখ ... 2[illegible].JAN 1996... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬......

## ডুমুরিয়ায় ওয়াছেক আলী শিক্ষা প্রকল্পের পুরস্কার বিতরণ

প্রতিবছরের ন্যায় এবারও ডুমুরিয়া ওয়াছেক আলী শিক্ষা প্রকল্প থানার দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রিদের শিক্ষা সহয়তা, শ্রেষ্ঠ ছাত্র-ছাত্রী, শিক্ষক, শিক্ষাপ্রতিষ্ঠান, অভিভাবক তথা শিক্ষা ক্ষেত্রে অবদানের জন্যে তাদের পুরস্কৃত সংবর্ধনা করেছে। উল্লেখ্য, ১৯৯৩ থেকে এ প্রকল্প ছাত্রছাত্রিদের সহয়তা করে আসছে। শাহপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ওয়াসেক আলী শিক্ষা প্রকল্পের বার্ষিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর এম এ হামিদ। প্রকল্পের আহ্বায়ক শেখ আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন গাজী আঃ হক, গাজী আব্দুল হাদী, ফরিদা পারভীন, ফুটবলার শেখ মোঃ আসলাম। এ ছাড়া অন্যান্যের মধ্যে ছিলেন -এস এম ফয়সল আলম, অধ্যক্ষ নারায়ণ চন্দ্র কুন্ডু, অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান, অধ্যক্ষ শেখ মোয়াজ্জেম হোসেন, এ্যাডঃ গাজি আব্দুল বারী, প্রকৌশলী এম এ মান্নান, আঃ জলিল, আঃ সালাম জোয়ারদার ও রমেশ চন্দ্র জোয়ারদার। এ বছর শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে ঝিকশিমিল রুপাখরা উচ্চ বিদ্যালয়, শ্রেষ্ঠ শিক্ষক পল্লীশ্রী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নির্মল কান্তি মন্ডল, শ্রেষ্ঠ ছাত্রী শহীদ স্মৃতি মহিলা কলেজের লাবণ্য প্রভা দেবনাথ, শ্রেষ্ঠ অভিভাবক এক এম মাসুদুল হক, শ্রেষ্ঠ অভিভাবিকা মিসেস লতিফা চৌধুরী পুরস্কৃত হন। ডুমুরিয়া থেকে কাজী মুরাদ।